

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ ।

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২৫

০৭ আশ্বিন, ১৪২১

তারিখ : ২২ সেপ্টেম্বর, ২০১৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০৩ অক্টোবর, ২০১৪ তারিখ শুক্রবার খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা রয়েছে।

০২। এক্ষণে, সরকারি নির্দেশনার আলোকে ০২ অক্টোবর, ২০১৪ তারিখ অর্থাৎ দুর্গাপূজা ও ঈদ-উল-আযহার ছুটির (৪-৭ অক্টোবর, ২০১৪) পূর্বেই পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের কার্যক্রম সম্পন্নের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। তবে, উক্ত সময়ের মধ্যে বিশেষ কোন অপরিহার্য কারণে বেতন-ভাতাদি পরিশোধ করা সম্ভব না হলে বিশেষ ব্যবস্থাস্থানে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০৩ অক্টোবর, ২০১৪ তারিখ শুক্রবার সকাল ১০.০০টা হতে দুপুর ১২.০০টা পর্যন্ত খোলা রাখার পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪। ০৩ অক্টোবর, ২০১৪ তারিখ সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় ঐদিন অফিস কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদের সম্মানজনক যুক্তিসঙ্গত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

( মোঃ ইব্রাহিম ভূঁইয়া )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭